
দৈনিক ইনকিলাব

তারিখ 01 FEB 2008
পৃষ্ঠা ১০ কলাম ৬

# ব্রিটিশ কাউন্সিলে পরীক্ষার মাধ্যমে বিদেশী ডিগ্রী

বিদেশে উচ্চ শিক্ষা গ্রহণে আগ্রহী মেধাবীদের স্বপ্ন পূরণের সুযোগ করে দিয়েছে যুক্তরাজ্যের এনসিসি এডুকেশন। বাংলাদেশে এনসিসি এডুকেশন, ইউকে অনুমোদিত প্রতিষ্ঠান হচ্ছে ডেফোডিল ইনস্টিটিউট অব আইটি(ডিআইআইটি)। এনসিসি এডুকেশন খোদ যুক্তরাজ্যের সরকার কর্তৃক ১৯৬৩ সালে প্রতিষ্ঠিত। তথ্য-প্রযুক্তি ও ব্যবসায় প্রশাসন শিক্ষার ক্ষেত্রে বৃটেনসহ বিশ্বের ৪৫টি দেশের ৩৫০টি প্রতিষ্ঠানে এনসিসি এডুকেশন স্ট্যান্ডার্ড ফলো করা হয়। কারণ এনসিসি ইতোমধ্যে শিক্ষার্থীদের জন্য অত্যাধুনিক ও আন্তর্জাতিক মানসম্পন্ন শিক্ষা নিশ্চিত করেছে। ফলে বিশ্বজুড়ে এনসিসি এডুকেশন, ইউকের সার্টিফিকেশনের রয়েছে বিশেষ মূল্যায়ন।



ডিআইআইটি ১৯৯৭ ইং সাল থেকে যুক্তরাজ্যের এনসিসি এডুকেশন ও লন্ডন মেট্রোপলিটন বিশ্ববিদ্যালয়ের অধীনে কম্পিউটার ও ব্যবসায় প্রশাসনে অনার্স ও ডিপ্লোমা প্রোগ্রাম পরিচালনা করে আসছে। ডিআইআইটি হতে পরিচালিত এ সকল প্রোগ্রামের বৈশিষ্ট্য হলো আন্তর্জাতিকভাবে স্বীকৃত, সম্পূর্ণ প্রোগ্রামটি পরিচালিত হয় যুক্তরাজ্য কর্তৃপক্ষ কর্তৃক সিলেবাস প্রণয়ন এবং পাঠ্য পুস্তক প্রেরিত হয় যুক্তরাজ্য থেকে। ব্রিটিশ কাউন্সিল কর্তৃক পরীক্ষা গ্রহণ করা হয়, প্রশ্নপত্র প্রণয়ন, উত্তরপত্র মূল্যায়নসহ রেজাল্ট, সার্টিফিকেট ও মার্কশীট প্রেরিত হয় যুক্তরাজ্য থেকে।

যে কোন বয়সের এইচএসসি পাস যে কেউ কম্পিউটার/ব্যবসায় প্রশাসন বিষয়ে উচ্চ শিক্ষা গ্রহণে আগ্রহী শিক্ষার্থীদের জন্য দেশে বসেই আন্তর্জাতিক ডিগ্রী অর্জনের একটি চমৎকার সুযোগ। বিএসসি অনার্স এ ভর্তির ন্যূনতম যোগ্যতা যে কোন গ্রুপ থেকে এইচএসসি পাস/'এ' লেভেল বা সমমান। বয়সের কোন সীমাবদ্ধতা নেই, নেই কোন সেশনজট। কর্মজীবীদের জন্য সান্ধ্যকালীন ক্লাসের ব্যবস্থা রয়েছে।

ডিআইআইটি থেকে এ পর্যন্ত প্রায় ১ হাজার ৫০০ ছাত্রছাত্রী যুক্তরাজ্যসহ বিশ্বের বিভিন্ন দেশে ক্রেডিট ট্রান্সফারের মাধ্যমে লেখাপড়া করছে, অনেকে সে সব দেশে সেটেল্ড হয়েছে। ডিআইআইটি থেকে (অনার্স) গ্রাজুয়েশন সম্পন্ন করা কেউ বেকার নেই। ডিআইআইটির অনেক ছাত্রছাত্রী বিশ্বের বিভিন্ন খ্যাতনামা প্রতিষ্ঠানে উচ্চ শিক্ষার্থে বৃত্তি পেয়েছে, যা আমাদের দেশের জন্য সম্মান। ডিআইআইটিতে মানসম্পন্ন শিক্ষা নিশ্চিত করার জন্য নেটওয়ার্ক নিয়ন্ত্রিত বিশাল কম্পিউটার ল্যাব, সাইবার ক্যাফে, ফাইবার অপটিক ক্যাবল নিয়ন্ত্রিত ইন্টারনেট সুবিধা ও আধুনিক শীতাতপ নিয়ন্ত্রিত ক্লাস রুম এবং সুবিশাল লাইব্রেরী রয়েছে। মেধাবী ও গরীব শিক্ষার্থীদের জন্য বিভিন্ন ধরনের স্কলারশীপের ব্যবস্থা রয়েছে। এছাড়াও ডিআইআইটিতে আন্তর্জাতিক (নেপাল, পাকিস্তান, নাইজেরিয়া, মালদ্বীপ, ইরান) শিক্ষার্থীদের জন্য চমৎকার পরিবেশ সৃষ্টি করেছে। ফলে ওইসব দেশের শিক্ষার্থীরা ডিআইআইটিতে পড়াশোনা করছে। ডেফোডিল ইনস্টিটিউট অব আইটি (ডিআইআইটি) আন্তর্জাতিক মান নিয়ন্ত্রণ, অভিজ্ঞ শিক্ষক, শ্রেষ্ঠ ফলাফল ও অধিকসংখ্যক ছাত্রছাত্রীর জন্য এনসিসি এডুকেশন, ইউকে কর্তৃক ২০০৫ ও ২০০৭ সালে একাডেমিক এক্সিলেন্স এওয়ার্ড অর্জন করেছে। প্রতি দুই বছর অন্তর এনসিসি এডুকেশন, ইউকে অনুমোদিত বিশ্বের ৪৫টি দেশের ৩৫০টি ইনস্টিটিউটের আন্তর্জাতিক সম্মেলনে এওয়ার্ড প্রদান করা হয়। উক্ত ৩৫০টি ইনস্টিটিউটের মধ্যে শ্রেষ্ঠত্ব প্রমাণ করে ডিআইআইটি একাডেমীক এক্সিলেন্স এওয়ার্ড অর্জন করে, যা আমাদের দেশের জন্য একটি বিরল সম্মান। ফোন : ৯১১৭২০৫, ৯১৩৮১৪০, ০১৭১৩৪৯৩২৬৪।

শিক্ষাঙ্গন ডেস্ক